উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১-৭৪৭ (৪০)

তারিখ ঃ ২০ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় ঃ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ১১ আগস্ট ২০২২ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:৩০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের আগস্ট ২০২২ মাসের উন্নয়ন সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি **আগামী ১০-০৮-২০২২** তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৪/৮/২২

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডিপুটি জেনারেল ম্যানেজার,পল্লী বিদ্যুৎ সমিতি,ফুলবাড়ী জোনাল অফিস,কুড়িগ্রাম। (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২০) ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক,ফুলবাড়ী, কুড়িগ্রাম (বিশেষ আমন্ত্রনে)
২১) চেয়ারম্যান,.........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২২) জনাব...........................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১ -৭৪৭ (৪০)

তারিখ ঃ ২০ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।

২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।

৫। অফিস নথি।

৪/৮/২২

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

০৪/০৮/২২

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : আগস্ট, ২০২২   সভার তারিখ: ১১/০৮/২০২২, সময় : সকাল ১১.৩০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01766213729 | ulophulbarik@dls.gov.bd | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 0132013 13438 | | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716410506 | [illegible]@gmail.com | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061195 | ue.fulbari.kur@lged.gov.bd | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস(আমন্ত্রিত)। | 01764021274 | | |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711-415267 | useofulbarikurigram@gmail.com | |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01721765182 | | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401808 | Sabuj Kumar gupta07@gmail.com | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01728-463377 | urdophulbari@gmail.com | |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716415990 | upazilacoopphulbari@gmail.com | |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724913930 | uwaofulkuri@gmail.com | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716036732 | | |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710425109 | hasandpi90@gmail.com | |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415111 | | |
| ২৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, কুড়িগ্রাম (আমন্ত্রিত) | | | |

## উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : জুলাই, ২০২২   সভার তারিখ: ১৪/০৭/২০২২, সময় : সকাল ১১.৩০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720047348 | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৭৬৭৭১৮০ | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01727969825 | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01734163808 | | |
| ৭ | বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | | | |

# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**আগস্ট, ২০২২ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ । |
| তারিখ | ঃ | ১১ আগস্ট, ২০২২। |
| সময় | ঃ | সকাল ১১.৩০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো ।

সভাপতি জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান ।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান ও সকল সদস্য এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী** আলোচনা :

উপজেলা প্রকৌশল বিভাগ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগ | (১) সভায় উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম জানান যে, উপজেলা পরিষদের আবাসিক বাসভবন/অফিস ভবন মেরামত ও পরিষদের অভ্যন্তরে বিভিন্ন অফিসসমূহের সাথে সংযোগ স্থাপন সড়ক সিসিকরণ অত্যন্ত জরুরী হওয়ায় নিম্নবর্ণিত কাজের প্রাক্কলন যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে। যা ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) রক্ষণাবেক্ষণ খাতের বরাদ্দ সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে প্রাপ্তি সাপেক্ষে কাজ সম্পন্ন করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উল্লিখিত কাজের জন্য ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) রক্ষণাবেক্ষণ কাজে ব্যয়ের নিমিত্ত অতিরিক্ত ৩২,০০,০০০/- (বত্রিশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের লক্ষ্যে সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ১ | উপজেলা পরিষদ মূল ভবন রক্ষণাবেক্ষণকরণ | ৫,০০,০০০/- |
| ২ | উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন অফিসসমূহের সাথে সংযোগ স্থাপন সড়ক সিসি করণ। | ১০,০০,০০০/- |
| ৩ | উপজেলা পরিষদের আওতাধীন গেজেটেড ও নন-গেজেটেড কোয়ার্টার মেরামত করণ। | ১২,০০,০০০/- |
| ৪ | উপজেলা পরিষদের আওতাধীন ডরমেটরি ভবন মেরামতকরণ। | ৫,০০,০০০/- |
| | সর্বমোট= | ৩২,০০,০০০/- |

(চলমান পাতা/২)

| | | |
|---|---|---|
| (২) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ফুলবাড়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে সীমানা প্রাচীর ও এন্ট্রি গেট নির্মাণ করার জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০. ০০.০৪৫.২০১৪-৩৪৮, তারিখ: ২৫/০৩/২০১৫ মূলে ১,০৩,১২,৫৬৩/- টাকার প্রাক্কলন অনুমোদন পাওয়া যায়। কিন্তু উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ না থাকায় অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কোন কাজ করা হয়নি। বর্তমানে উপজেলা পরিষদ কমপ্লেক্সের পশ্চিম দিকের সম্পূর্ণ অংশে সীমানা প্রাচীর ও গেট না থাকায় উপজেলা কমপ্লেক্সের নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় উক্ত অংশের সীমানা প্রাচীর ও গেট নির্মাণ করা প্রয়োজন। এই প্রেক্ষিতে সীমানা প্রাচীর ও মূল গেটের প্রাক্কলন ব্যয় যথাক্রমে ৩৬,৩৮,৬৬৬/-টাকা এবং ২১,৩৩,৫৭৮/- টাকা প্রস্তুত করা হয়েছে। যার ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান OTM পদ্ধতিতে দু;টি প্রকল্প একই সাথে দরপত্র আহবান করে প্রয়োজনে একাধিক অর্থ বছরে বাস্তবায়ন করা যেতে পারে। | উক্ত অংশের সীমানা প্রাচীর ও গেট নির্মাণ কাজ জরুরী বিধায় উহার ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>OTM পদ্ধতিতে দু'টি প্রকল্প একইসাথে দরপত্র আহবান করে প্রয়োজনে একাধিক অর্থ বছরে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| (৩) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ মহোদয়ের সভাপতিত্বে গত ০৫ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্য সংখ্যা বৃদ্ধি, বাজেট ব্যবস্থাপনা এবং আবাসন সমস্যা সমাধানের সমন্বিত পরিকল্পনা গ্রহণের লক্ষ্যে আয়োজিত আন্ত:মন্ত্রণালয় সভার ১৩.৫ নং অনুচ্ছেদের সিদ্ধান্ত মোতাবেক উক্ত ভবনের বিদ্যুৎ বিল, পানির বিল এবং আনুষঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | আনসারদের জন্য নির্মিত ভবনের বিদ্যুৎ বিল, পানির বিল এবং আনুষঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| (৪) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর আওতায় ফুলবাড়ী উপজেলাধীন নিম্নবর্ণিত ২টি প্যাকেজের আওতায় কাজ বাস্তবায়নের জন্য গত ২০/০২/২০২২ তারিখ দরপত্র আহবান করা হয়। এই প্রেক্ষিতে গত ১০/০৩/২০২২ তারিখ দরপত্র গৃহীত হয়। প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই-বাছাই অন্তে নিম্নোক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচিত হন। নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠানকে গত ০৫/০৫/২০২২ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশানুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত করে চুড়ান্ত বিল দাখিল করেছেন। যা সভায় অনুমোদনক্রমে চুড়ান্ত বিল প্রদানের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উল্লিখিত কাজের অনকূলে ঠিকাদরী প্রতিষ্ঠানের চূড়ান্ত বিল সভায় অনুমোদিত হয় এবং দাখিলকৃত বিল স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলবাড়ী। |

(চলমান পাতা/৩)

| ক্র: নং | কাজের নাম ও অবস্থান | প্রাক্কলিত মূল্য | ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম | দাখিলকৃত চূড়ান্ত বিলের টাকার পরিমান |
|---|---|---|---|---|
| ১ | উত্তর শিমুলবাড়ী উচ্চ বিদ্যালয় এবং মধ্য কাশীপুর দাখিল মাদ্রাসার দুই কক্ষ বিশিষ্ট সেমি পাঁকা শ্রেণি কক্ষ নির্মাণ। | ২৩,৮৪,০০০/- | মেসার্স নোশিন ট্রেডার্স ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ২২,৫৯,৪৮৫/- |
| ২ | বালারহাট আদর্শ স্কুল এন্ড কলেজে দুই কক্ষ বিশিষ্ট সেমি পাঁকা শ্রেণি কক্ষ এবং বোয়াইলভীর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজে ওয়াশব্লক নির্মাণ। | ২০,৭০,৬৭০/- | মেসার্স এস এস এন্টারপ্রাইজ আদিতমারী, লালমনিরহাট। | ২০,১৯,৯৬৩/- |

<table>
<tr>
<td>প্রাণি সম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত আগস্ট/২০২২ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><td>ক্র: নং</td><td>কার্যক্রমের নাম</td><td>চলতি মাসে অর্জন</td></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২০৯৮টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>৬৯৫০টি</td></tr>
<tr><td>৩</td><td>পোষ্যপ্রাণির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>০১টি</td></tr>
<tr><td>৪</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>১৫০০ টি</td></tr>
<tr><td>৫</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৩৮,০০০টি</td></tr>
<tr><td>৬</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৩০৩টি</td></tr>
<tr><td>৭</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>১০৩ টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৪টি</td></tr>
<tr><td>৯</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারী</td><td>৫০ জন</td></tr>
<tr><td>১০</td><td>উন্নত জাতের ঘাস চাষ কার্যক্রম</td><td>০.৯৮ একর</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>স্বাস্থ্য বিভাগ</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। ফুলবাড়ী হাসপাতালে আউটডোর ও ইনডোরে চিকিৎসা সেবা স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান বৃদ্ধিসহ করোনা ভাইরাসের টিকা প্রদান অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>বাংলাদেশ পুলিশ ফুলবাড়ী থানা</td>
<td>অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, মাদকের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে। তিনি মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে অভিযান পরিচালনাকালে জনসাধারণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি অপরাধীকে সনাক্ত করার স্বার্থে প্রতিটি ইউনিয়নে স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল রাখার জন্য ইউপি চেয়ারম্যান/সচিবগণকে অনুরোধ জানান। তিনি আরো জানান, বিদ্যুৎ সাশ্রয়ের জন্য রাত ৮.০০টার মধ্যে হাট-বাজার ও শপিংমলসমূহ বন্ধ করে দেয়ার সরকারি সিদ্ধান্ত রয়েছে। তিনি জনপ্রতিনিধিগণকে এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানান।</td>
<td>মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখার পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। ইউনিয়নে স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল রাখতে হবে। বিদ্যুৎ সাশ্রয়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td>
<td>১) অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা।<br>২।ইউপি চেয়ারম্যান/ সচিব (সকল)।</td>
</tr>
</table>

(চলমান পাতা/৪)

| | | | |
|---|---|---|---|
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর দপ্তরের আগস্ট, ২০২২ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন :<br>১। রোপা আমন ধান আবাদের লক্ষমাত্রা- ১১,৩৫০ হে:<br>২। রোপা আমন ধান চাষকৃত জমি- ১১,১৫০ হে:<br>(যা লক্ষমাত্রার ৯৮%)।<br>৩। কৃষি পুনর্বাসন কর্মসূচির আওতায় ৬০০ জন ক্ষতিগ্রস্থ চাষীকে রোপা আমন ধান বীজ ও সার বিতরণ করা হয়।<br>প্রতিজন কৃষক -<br>(১) ধানবীজ- ৫.০০ কেজি<br>(২) ডিএপি সার- ১০.০০ কেজি<br>(৩) এমওপি সার-১০.০০ কেজি<br>৪। ইউরিয়া সারসহ অন্যান্য সার সরকার নির্ধারিত মূল্যে বিক্রয় নিশ্চিত করার জন্য রাসায়নিক সার ডিলার ব্যবসায়ীদের দোকান পরিদর্শন/মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে।<br>৫। রোপা আমন ধানের ৩০টি প্রদর্শনী প্লট চলমান। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্তিকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বিদ্যুৎ বিভাগ | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস সভায় জানান যে, বর্তমানে রাশিয়া - ইউক্রেন যুদ্ধের প্রভাবে সাড়াবিশ্বে রাসায়নিক তেল, গ্যাসসহ অন্যান্য দ্রব্যাদির মূল্য বৃদ্ধি পাওয়ায় বিদ্যুৎ উৎপাদনে খরচ বৃদ্ধি পেয়েছে। তাই বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হলে বিদ্যুৎ সাশ্রয় হবে। তাই তিনি অফিস আদালতে অফিস ছুটির পর লাইট ও ফ্যান বন্ধ করার পরামর্শ প্রদান করেন। বিদ্যুৎ সাশ্রয়ের জন্য সরকারি সিদ্ধান্তের আলোকে লোডসেডিং দেয়া হবে। এ জন্য সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে অফিস, আদালত, হাট-বাজারে বিদ্যুৎ ব্যবহার কমানোর প্রয়োয়াজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি।<br>২. সকল কর্মকর্তা/ কর্মচারী।<br>৩. ইউপি চেয়ারম্যান (সকল)। |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান, প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান:<br>১। প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তির কার্যক্রম পুনরায় চালু হওয়ায় পোর্টালে এন্ট্রিকরণের কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।<br>২। ২০২১-২০২২ অর্থ বছরে বিদ্যালয়ের ক্ষুদ্র মেরামত কাজের প্রাক্কলন কার্যক্রম সম্পন্ন হয়নি।<br>৩। স্লিপ ও রুটিন মেইনটেন্যান্স কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>৪। কোভিড-১৯ প্রতিরোধে বিদ্যালয়ের অনুকূলে প্রাপ্ত পণ্য সামগ্রী যথাযথভাবে বিতরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৫)

| | | | |
|---|---|---|---|
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে। (ক) জুলাই, ২০২২ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতে ৭৯৭ জনকে ১৫,০৪,৫৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) জুলাই ২০২২ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮২০৯ জনকে ১৭,৬৬,১৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) জুলাই, ২০২২ পর্যন্ত উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় ৩২৯ জনকে ১,০৩,৫৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>(ঘ) জুলাই, ২০২২ পর্যন্ত ৭৮৫৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(ঙ) ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮২%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৪% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান, ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী। |
| মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমসহ মৎস্য চাষ উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। এনটিআরসিএ এর মাধ্যমে শিক্ষক চাহিদা প্রদান কার্যক্রম প্রতিষ্ঠান পর্যায়ে চলমান, ২। বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের ৯২তম জন্ম বার্ষিকী উপলক্ষ্যে চিত্রাংকন প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে।, ৩। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী-২০২২ উদযাপন উপলক্ষে চিত্রাংকন, রচনা, কবিতা আবৃত্তিসহ অন্যান্য কার্যক্রম প্রক্রিয়াধীন/চলমান; ৪। দ্বিতীয় পর্যায়ে প্রতিষ্ঠানে ইউনিক আইডি সংক্রান্ত কার্যক্রম চলমান, ৫। আইএমএস তথ্য হালনাগাদ কার্যক্রম চলমান, ৬। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যান্ড্রয়েড সেটে e-mail ও facebook ব্যবহার চালু রাখা। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা প: প: বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা প:প: কর্মকর্তা, ফুলবাড়ী |

(চলমান পাতা/৬)

| | | | |
|---|---|---|---|
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যাক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থবছরে উপজেলা পরিষদ ওয়ারী ১ম পর্যায়ে এ উপজেলায় নগদ ৪৯,০৯,১৩০.৪৭ টাকা, খাদ্যশস্য বাবদ ৩২.৭২৭৯ মেঃ টন চাউল ও ৩২.৭২৭৯ মেঃ টন গম এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে এ উপজেলায় নগদ ৪১,৯৮,০১৪.৩৩ টাকার বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের বিপরীতে পরিপত্রের বিধি-বিধান অনুযায়ী প্রকল্প গ্রহণ করার জন্য এ উপজেলার সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুকূলে পত্র জারী করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ "ক" শ্রেণীর পরিবার পুনবার্সনের লক্ষ্যে এ উপজেলায় ৩য় পর্যায় ১ম ধাপ ও ২য় ধাপে সর্বমোট বরাদ্দকৃত ১৬২ টি গৃহের নির্মাণ কাজ নির্দিষ্ট প্রাক্কলণ ও ডিজাইন অনুযায়ী সমাপ্ত করা হয়েছে। গত ২৬/০৪/২০২২ তারিখ নবনির্মিত গৃহসমূহ ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভ্যার্চুয়ালী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধন ঘোষণা করার পর উপকারভোগীদের অনুকূলে নবনির্মিত গৃহসমূহ হস্তান্তর করা হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ২০২১-২২ অর্থ বছরে "গ্রামীণ রাস্তায় ১৫ মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ" শীর্ষক প্রকল্পের এ উপজেলায় ০২ টি সেতুর কাজ চলমান আছে এবং ২০২১-২২ অর্থ বছরে "গ্রামীণ মাটির রাস্তাসমুহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)" প্রকল্পের ২.০০০ কিঃ মিঃ এর মধ্যে ১.০০০ কিঃ মিঃ রাস্তার কাজ সমাপ্ত হয়েছে অবশিষ্ট ১.০০০ কিঃ মিঃ রাস্তার কাজ চলমান আছে। | অসমাপ্ত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান রয়েছে :<br>(১) ফুলবাড়ী উপজেলায় ২০২১-২০২২ ভিজিডি চক্রে ৬টি ইউনিয়নে ৫৭৯৫ জন উপকারভোগী রয়েছে। জুন/২০২২ মাসের খাদ্যশষ্য বিতরণ করা হয়েছে।<br>(২) ফুলবাড়ী উপজেলার ৬টি ইউনিয়নে "দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান" কর্মসূচিতে ১১৯৪ জন উপকারভোগী রয়েছে। উপকারভোগীদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(৩) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে রাজস্বখাতে মহিলা প্রশিক্ষণ **(WTC)** চলমান রয়েছে।<br>(৪) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে আইজিএ প্রশিক্ষণ প্রকল্প খাতে উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (দু'টি ট্রেডে) চলমান রয়েছে।<br>(৫) ফুলবাড়ী উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। জানুয়ারি/২২ মাস হতে ক্লাবের নতুন সদস্য অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী। |

(চলমান/৭)

| | | | |
|---|---|---|---|
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি জানান, ১) G2P সিস্টেমে সকল ভাতাভোগীর পে-রোল প্রেরণ সম্পন্ন হয়েছে। ২) সমস্যাযুক্ত মোবাইল হিসাব নম্বরসমূহ পরিবর্তনের কাজ চলমান। ৩) প্রতিবন্ধী সকল ভাতাভোগী যাচাই করার সিদ্ধান্ত গ্রহণ; ৪) প্রতিবন্ধী পরিচয়পত্র না থাকা ভাতাভোগীদের ডাক্তার কর্তৃক সনাক্তকরণের সিদ্ধান্ত গ্রহণ। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন ভাতা প্রদান ও ঋণদান কার্যক্রম সুষ্ঠু ও নিয়মমাফিক ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী। ইউপি চেয়ারম্যান (সকল)। |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামিণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ দিয়ে থাকে। তাছাড়া ফসলী কর্জ; মেয়াদী কর্জ (সেচযন্ত্র); আবর্তক (কৃষি); সদাবিক; পল্লী প্রগতি প্রকল্প; পদাবিক; উদকনিক; গুচ্ছগ্রাম এবং অসচ্ছল মুক্তিযোদ্ধা ঋণ বিতরণ, আদায় কার্যক্রম চলমান। বিতরণ বছরে ২.০০ ক্রমপুঞ্জি সর্বমোট =৪৩১০.৬৭, আদায় বছরে ১০.২২, ক্রমপুঞ্জি ৩৮৯৮.৪৩ হার ৯০%, উপকারভোগী ১০৮২৭।<br>প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ২৪, অর্জন বছরে ২৪, ক্র:পুঞ্জি ২১৫০। ধরণ : সেলাই, এমব্রয়ডারি, শতরঞ্জি বুনন, বাটিক বুটিক। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামিণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী। |
| বিবিধ | (১) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের যানবাহন মেরামতের জন্য বছরে ১,০০,০০০০/- টাকা ব্যয় করা যাবে। সে অনুযায়ী উপজেলা পরিষদের জীপগাড়ী ২০২১-২০২২ অর্থবছরে মেরামত করে ৯৯,৯৯৫/- (নিরানব্বই হাজার নয়শত পঁচানব্বই) টাকার বিল/ভাউচার দাখিল করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত বাবদ ব্যয়কৃত =৯৯,৯৯৫/- (নিরানব্বই হাজার নয়শত পঁচানব্বই) টাকা সভায় অনুমোদিত হয় এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | (২) উপজেলা পরিষদ অফিসে ব্যবহৃত জুলাই/২০২২ মাসের বিদ্যুৎ বিল বাবদ ১,৯১২/- টাকা এবং আগস্ট/২০২২ মাসের বিদ্যুৎ বাবদ ২,০২০/- টাকা মোট ৩,৯৩২/- (তিন হাজার নয়শত বত্রিশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | জুলাই ও আগস্ট ২০২২ মাসের বিদ্যুৎ বিল বাবদ ৩,৯৩২/-(তিন হাজার নয়শত বত্রিশ) টাকার বিল সভায় গৃহীত ও অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |

(চলমান পাতা /৮)

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ফুলবাড়ী, কুড়িগ্রাম।**
**www.phulbari.kurigram.gov.bd**

**স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২২-৭৭২**

তারিখ : ০১ ভাদ্র, ১৪২৯ / ১৬ আগস্ট, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ........................................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। উপজেলা.......................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান...............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। জনাব................................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। অফিস নথি।

**( সুমন দাস )**
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd